

অস্ট্রেলিয়াতে ‘চোরাবালি’ ছবির সাফল্য ও দর্শক চাহিদায় সিডনীতে শেষ প্রদর্শনী ২৮ এপ্রিল

সাক্ষির চৌধুরি: গত ৯ মার্চ অস্ট্রেলিয়াতে মুক্তি পেলো রেদোয়ান রনি পরিচালিত প্রথম চলচ্চিত্র ‘চোরাবালি’। প্রযোজনায় স্ক্রিনহাউজ এন্টারটেইনমেন্ট আর প্রযোজক সালেহীন স্বপন। অস্ট্রেলিয়াতে ছবিটি পরিবেশনা করেছে বিডিক্রাফট প্রডাকশন্স। চোরাবালি ছবিতে অভিনয় করেছেন জনপ্রিয় অভিনেত্রী জয়া আহসান, কলকাতার অভিনেতা ইন্দ্রনীল সেনগুপ্ত, শহীদুজ্জামান সেলিম, ইরেশ জাকের, এটিএম সামসুজ্জামান, সোহেল রানা প্রমুখ।

ছবিটি প্রথমে সিডনীতে ৩ টি, তারপর যথাক্রমে কেনবেরা, এডলেইড ও মেলবোর্নে ১ টি করে শো প্রদর্শিত হয়। সাফল্যের কথা বলতে গেলে বলতেই হয় যে আমাদের প্রবাসী বাংলাদেশী দর্শকদের আন্তরিক সহযোগিতার ফলে সবকয়টি শো ছিলো হাউসফুল। এমনকি সিডনীতে শো চলাকালিন সময়ে টিকেট না পেয়ে অনেক দর্শক ২.৫ ঘন্টা



ছবিটি দাড়িয়ে দাড়িয়ে দেখেছেন। তাছাড়া সবগুলো টিকেট বিক্রি হয়ে যাওয়াতে ১০০ এরও বেশী মানুষ কে ফিরিয়ে দিতে হয়েছিলো ছবির শেষ শোতে।

স্ক্রিনহাউজ এন্টারটেইনমেন্ট এর কর্ণধার এবং চোরাবালি ছবিটির প্রযোজক অস্ট্রেলিয়ার নাগরিক জনাব সালেহীন স্বপন বাংলাদেশ থেকে অস্ট্রেলিয়াতে এসেছিলেন ছবিটি সবার কাছে পৌঁছে দিতে। বিডিক্রাফট এর কর্ণধার জনাব সাঈদ ফয়েজ অপূর্ব অস্ট্রেলিয়া তে প্রথম সফল চলচ্চিত্র পরিবেশনার কাজ টিতে সবার আন্তরিকতা আর সমর্থন পেয়ে ভবিষ্যতেও আরও ভালো বাংলাদেশী চলচ্চিত্র সবাইকে দেখার সুযোগ করে দেবেন বলে জানিয়েছেন।

চোরাবালির আয়োজক দল (ছবির বা থেকে) ইন্সি ইসলাম, রকিবুল ইসলাম, শোভন আহমেদ ও বিডি ক্রাফট এর সাঈদ ফয়েজ অপূর্ব

শহরগুলোতে ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে। প্রতিটি শো এর শেষে সবার প্রতিক্রিয়া দেখে তাই বোঝা যায়। সবাই বলেছে এত উন্নত মানের সিনেমাটোগ্রাফী ও কালারিং বাংলাদেশ এর আগে কোন চলচ্চিত্রতে তারা আগে দেখেননি। সিডনী'র দর্শকদের প্রতিক্রিয়া'র ভিডিও দেখুন YouTube এর এই লিঙ্ক এ: <https://www.youtube.com/watch?v=NDLtKVPaaUA>

চোরাবালি ছবিটি সিডনী ও অস্ট্রেলিয়ার অন্যান্য

দর্শক এর বিপুল চাহিদার কারণে এপ্রিল মাসের শেষের দিকে আগামী ২৮ এপ্রিল রবিবার সন্ধ্যা ৬ টায় Hoyts Bankstown Cinema Hall এ চোরাবালি ছবিটির শেষ প্রদর্শনী হবে। বিস্তারিত জানতে ও অগ্রিম টিকেটের জন্যে যোগাযোগ করতে পারবেন এই নাম্বারে ০৪২২ ৬৯১ ৩১৩ ও ০৪২৫ ৩৩৮ ২৯৬।

এছাড়াও সিডনীর এসব স্থানগুলোতেও টিকেট পাওয়া যাবে :

Lakemba: Al-Amin Groceries & Bangladesh Palace,

Rockdale: Fuska House 0470 023 676,

Eastlakes: Family Needs 9669 1069,

Campsie: Chawm Bazaar,

Blacktown: M&M Supermarket 0411 861 641,

Minto - Ingleburn : অপু ০৪২২ ৬৯১ ৩১৩ ও রকিব ০৪২৫ ৩৩৮ ২৯৬।



সিডনীতে হাউসফুল সিনেমা হল



সিনেমা শুরুৰ আগে কথা বলছেন প্রযোজক সালেহীন স্বপন (মাঝে),
বিডি ক্রাফট এর কর্ণধার সাঈদ ফয়েজ অপূর্ব (ডানে) ও ম্যানেজিং পার্টনার রকিবুল ইসলাম



মেলবোর্নে হাউসফুল চোরাবালি'র শো